গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমন্বিত নিয়ন্ত্রণ কেন্দ্র
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
ইমেইলঃ bdcoronasaver@gmail.com

মুজিব বর্ষে স্বাস্থ্যখাত
এগিয়ে যাবে অনেক ধাপ

কোভিড-১৯ সংক্রান্ত পরিস্থিতি

তারিখ: ২৫ এপ্রিল, ২০২০
১২ই বৈশাখ, ১৪২৭
১লা রমজান, ১৪৪১

স্বাস্থ্য অধিদপ্তরের আজকের স্বাস্থ্য বুলেটিন

স্বাস্থ্য অধিদপ্তরের করোনা বিষয়ক নিয়মিত সংবাদ সম্মেলনের অংশ হিসেবে আজ দুপুর ২.৩০ টায় স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত-মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা এর পরিচালনায় অনলাইন প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়।

ব্রিফিং-এর শুরুতেই অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা সাংবাদিক ভাই-বোনসহ সকল দেশবাসী ও প্রবাসীদের পবিত্র মাহে রমজানের শুভেচ্ছা জানান। তিনি উল্লেখ করেন যে, এই মহামারীর সময়ে মানসিক স্বাস্থ্যের পরিচর্যা খুব জরুরী তাই তিনি বই পড়া, বাগান করা, নিয়মিত হালকা ব্যায়াম করা ও শিশুদের সৃজনশীল কাজে উৎসাহ দেয়ার আহবান জানান।

আজ ২৫ শে এপ্রিল বিশ্ব ম্যালেরিয়া দিবস উপলক্ষ্যে তিনি বলেন, সারা বিশ্বের ন্যায় বাংলাদেশও এই দিবসটি উদযাপন করছে। বিশ্ব ম্যালেরিয়া রিপোর্ট ২০১৯ অনুসারে ২২ কোটি ৮০ লক্ষ মানুষ ম্যালেরিয়ায় আক্রান্ত হয়েছে তন্মধ্যে ৪ লক্ষ ৫ হাজার মানুষ ম্যালেরিয়া রোগে মৃত্যুবরণ করেছে। ২০১৯ সালে ১৭২২৫ জন মানুষ বাংলাদেশে ম্যালেরিয়ায় আক্রান্ত হয়েছে ও ৯ জন মৃত্যুবরণ করেছে। উদ্ভূত কোভিড-১৯ পরিস্থিতির মাঝেও ম্যালেরিয়াপ্রবণ জেলাসমূহে ম্যালেরিয়া সেবা প্রদান অব্যাহত রয়েছে। ম্যালেরিয়া সেবা প্রদানকারীদের ব্যক্তিগত সুরক্ষা নিশ্চিত ও সামাজিক দূরত্ব বজায় রেখে সেবা প্রদানের উপর সর্বোচ্চ গুরুত্ব আরোপ করা হয়েছে। " আমিই করব ম্যালেরিয়া নির্মূল"- বিশ্ব ম্যালেরিয়া দিবসে এই প্রতিপাদ্যকে সামনে রেখে যার যার অবস্থান থেকে ২০৩০ সালের মধ্যে ম্যালেরিয়া মুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে ভূমিকা রাখার জন্য তিনি সকলকে আহবান জানান।

বাংলাদেশে ডেডিকেটেড করোনা হাসপাতাল ও আইসোলেশন ইউনিট সমূহে অক্সিজেন সরবরাহে কোন ঘাটতি নেই। সারা দেশে সকল উপজেলায় মোট ১০,৩৯৪টি অক্সিজেন সিলিন্ডার আছে। প্রতি উপজেলায় প্রয়োজন অনুসারে অক্সিজেন সিলিন্ডার রেখে বাকিগুলো জেলা হাসপাতালে প্রেরণের জন্য বলা হয়েছে। কোভিড-১৯ উপলক্ষ্যে আরও ৩,৫০০ অক্সিজেন সিলিন্ডার ক্রয়ের ব্যবস্থা করা হয়েছে। দ্রুততম সময়ে যাতে খালি অক্সিজেন সিলিন্ডারগুলো পুণরায় ভরা যায় সে ব্যবস্থা নেয়া হয়ছে। গণমাধ্যমে অক্সিজেন সিলিন্ডার বিষয়ে যে তথ্য দেয়া হয়ছে তা পুরানো এবং অসম্পূর্ণ। কোভিড-১৯ ডেডিকেটেড হাসপাতালে অক্সিজেন সিলিন্ডারের সংকট নেই। আমাদের ৮টি বিভাগে মেডিকেল কলেজ হাসপাতাল ও বিশেষায়িত হাসপাতাল বাদে মোট ১৩,৭৪৫টি অক্সিজেন সিলিন্ডার আছে। মেডিকেল কলেজ হাসপাতাল এবং বিশেষায়িত হাসপাতালের অনেকগুলোতেই কেন্দ্রীয়ভাবে অক্সিজেন সরবরাহের ব্যবস্থা আছে।

অতঃপর তিনি দেশের কোভিড-১৯ পরিস্থিতি উপস্থাপন করেন। তিনি কোভিড-১৯ এ মৃত ব্যক্তিদের বয়স ও লিঙ্গভিত্তিক বিশ্লেষণ উপস্থাপন করেন। তিনি জানান, কোভিড-১৯ আক্রান্ত হয়ে গত ২৪ ঘন্টায় ০৯ জন মৃত্যুবরণ করেছেন, তারমধ্যে ৪জন পুরুষ এবং ৫জন মহিলা। মৃত্যুবরণকারীদের মধ্যে ৭জনের বয়স ৭০ বছরের উর্ধ্বে, ১জনের বয়স ৬১-৭০ বছরের মধ্যে এবং ১জনের বয়স ৫১-৬০ বছরের মধ্যে। মৃত্যুবরণকারীদের মধ্যে ৩জন ঢাকায় ও ৬জন ঢাকার বাইরে(নারায়নগঞ্জ-২জন, টাংগাইল-১জন, মাদারীপুর-১জন, ময়মনসিংহ-১জন, জয়পুরহাট-১জন)। তিনি আরও জানান যে, গতকাল থেকে সাভারে অবস্থিত বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটে (BLRI) কোভিড-১৯ সনাক্তকরণ পরীক্ষা শুরু হয়েছে। তিনি পবিত্র রমজান মাসে রোজা রেখে স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস চর্চা করা, যতটা সম্ভব তেলেভাজা ও চর্বিজাতীয় খাবার পরিহার করা, খাদ্য তালিকায় টাটকা ফল ও সব্জি রাখা এবং ইফতারের পর পানিসহ তরল জাতীয় খাবার বেশি খাওয়ার পরামর্শ দেন।

বাংলাদেশে কোভিড-১৯ পরীক্ষা ও সনাক্তকৃত রোগী

পরীক্ষাকৃত		সনাক্ত		মৃত্যু		এপর্যন্ত সুস্থ	চিকিৎসাধীন
গত ২৪ ঘণ্টায়	এপর্যন্ত	গত ২৪ ঘণ্টায়	এপর্যন্ত	গত ২৪ ঘণ্টায়	এপর্যন্ত	১১৩	৪,৭৪৫
৩,৩৩৭	৪৩,১১৩	৩০৯	৪,৯৯৮	৯	১৪০		

নমুনা সংগ্রহ ও সম্পাদিত পরীক্ষার তথ্যাদিঃ

প্রতিষ্ঠান	কোভিড-১৯ পরীক্ষা		
	নমুনা সংগ্রহ (২৪ ঘণ্টা)	পরীক্ষা (পূর্বের নমুনা সহ) (২৪ ঘণ্টা)	সর্বমোট
ঢাকার ভিতরে মোট	**২,১০৭**	**২,১৬১**	**২৯,৭৪৯**
ঢাকার বাইরে মোট	**১,৩১৫**	**১,১৭৬**	**১৩,৩৬৪**
সর্বমোট	**৩,৪২২**	**৩,৩৩৭**	**৪৩,১১৩**

লজিস্টিক মজুদ এবং সরবরাহ সম্পর্কিত তথ্য (২৫-০৪-২০২০ সকাল ৮:০০টা পর্যন্ত) (সূত্রঃ সিএমএসডি, স্বাস্থ্য অধিদপ্তর)

সরঞ্জামের নাম	মোট সংগ্রহ	মোট বিতরণ	বর্তমান মজুদ
পিপিই (PPE)	১৫,১৬,১৯০	১২,৫২,২৩৩	২,৬৩,৯৫৭

কোয়ারেন্টাইন সম্পর্কিত তথ্য (সূত্রঃ হেল্‌থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

স্থান	গত ২৪ ঘন্টায় (২৪ এপ্রিল সকাল ৮:০০ থেকে ২৫ এপ্রিল সকাল ৮:০০)		এপর্যন্ত		বর্তমানে মোট কোয়ারেন্টাইন
	কোয়ারেন্টাইন	ছাড়	কোয়ারেন্টাইন	ছাড়	
হোম কোয়ারেন্টাইন	২,১৫৪	৩,৮৮৪	১,৬৫,৭৪৫	৯১,২৫৪	৭৪,৪৯১
হাসপাতাল ও অন্যান্য কোয়ারেন্টাইন	১৪০	১৭৩	৮,৩৯৫	১,৯১৫	৬,৪৮০
সর্বমোট	২,২৯৪	৪,০৫৭	১,৭৪,১৪০	৯৩,১৬৯	৮০,৯৭১

- সারাদেশে ৬৪ জেলার সকল উপজেলা ও জেলা পর্যায়ে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনের জন্য প্রস্তত করা হয়েছে- ৬০১ টি প্রতিষ্ঠান এবং এর মাধ্যমে তাৎক্ষনিকভাবে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনের সেবা প্রদান করা যাবে- ৩০,৬৩৫ জনকে।

প্রাতিষ্ঠানিক আইসোলেশন সম্পর্কিত তথ্য (সূত্রঃ আইইডিসিআর)

গত ২৪ ঘন্টায় আইসোলেশন (২৪ এপ্রিল দুপুর ১২:০০ থেকে ২৫ এপ্রিল দুপুর ১২:০০)	বর্তমানে আইসোলেশনে রয়েছেন
৪৬	১,১৩৩

মোবাইল ফোনে কোভিড-১৯ এর সেবা প্রদান (সূত্রঃ এমআইএস/আইইডিসিআর, স্বাস্থ্য অধিদপ্তর)

হটলাইন	গত ২৪ ঘন্টা	এপর্যন্ত সর্বমোট
১৬২৬৩ (স্বাস্থ্য বাতায়ন)	৫২,৬৩৪	২৩,৬৭,৭১১
৩৩৩	২২,১৩১	৭,৮৫,৬২৯
আইইডিসিআর (১০৬৫৫; ০১৯৪৪৩৩৩২২২)	২,৬৭২	১,৫৯,৯৭০
মোট ফোন কলের সংখ্যা	**৭৭,৪৩৭**	**৩৩,১৩,৩১০**

স্বেচ্ছাসেবী হিসেবে করোনাভাইরাস সংক্রমণ সংক্রান্ত তথ্য ও চিকিৎসাসেবা প্রদানে হটলাইনে যুক্ত চিকিৎসক সংখ্যা (২৫-০৪-২০২০ সকাল ০৮:০০টা পর্যন্ত): ৪,০০১।

বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশনে বিদেশ হতে আগত যাত্রীদের স্ক্রিনিং সম্পর্কিত তথ্য (সূত্রঃ হেল্‌থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশন	গত ২৪ ঘন্টা	এপর্যন্ত সর্বমোট
আন্তর্জাতিক বিমানবন্দর সমূহ	৬১৯	৩,২৪,৪০৪
স্থলবন্দর সমূহ	৯৫	৩,২৮,১৫৯
সমুদ্রবন্দর সমূহ	১৪৫	১৪,৯৩৪
ক্যান্টনমেন্ট রেলওয়ে স্টেশন	০০	৭,০২৯
মোট স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা	**৮৫৯**	**৬,৭৪,৫২৬**

স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক করোনাভাইরাস (COVID-19) প্রতিরোধ ও নিয়ন্ত্রণে তৈরিকৃত গাইডলাইনঃ
এ পর্যন্ত ২৩টি গাইডলাইন এবং ১১টি জনসচেতনতামূলক উপকরণ (IEC / BCC) প্রস্তুত করা হয়েছে।
গাইডলাইনসমূহ পাওয়া যাবে স্বাস্থ্য অধিদপ্তর এর ওয়েব সাইটেঃ www.dghs.gov.bd অথবা www.corona.gov.bd

বৈশ্বিক ও আঞ্চলিক করোনা পরিস্থিতি (সূত্র: বিশ্ব স্বাস্থ্য সংস্থা – Situation Report 95, April 24)

	গত ২৪ ঘন্টা		এপর্যন্ত সর্বমোট	
	সনাক্ত	মৃত্যু	সনাক্ত	মৃত্যু
দক্ষিণ-পূর্ব এশিয়া	**২,৫৩৩**	**৫৬**	**৩৮,৫৭২**	**১,৫৫৪**
সারা বিশ্ব	**৮১,৫২৯**	**৬,২৬০**	**২৬,২৬,৩২১**	**১,৮১,৯৩৮**

২৫।০৪।২০২০

অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর